বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট

৪ সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা-১২০৭।

নিয়োগ বিজ্ঞপ্তি

নং-৩৬.০৭.০২.০১.০০.০৩.২০১৭/ ৭৮০ তারিখ ঃ ২০/০৭/২০১৭খ্রিঃ

বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এর নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহবান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	উয়স	বেতন স্কেল ও গ্রেড	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	ব্যবস্থাপনা উপদেষ্টা	৭টি (ঢাকা-১টি, চট্টগ্রাম-৩টি, খুলনা-৩টি)	অনুর্ধ্ব ৩২ বৎসর	৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)	১। বাণিজ্য/ব্যবসা প্রশাসন/ সমাজ বিজ্ঞান/ বিজ্ঞানের সংশ্লিষ্ট শাখায় দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী থাকিতে হইবে। শিক্ষা জীবনে কমপক্ষে দুইটি প্রথম শ্রেণী থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে। এবং ২। কোন শিল্প/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে প্রাসঙ্গিক বিষয়ে কোন দায়িত্বশীল পদে কমপক্ষে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে এবং ৩। কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষাদানের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
২।	উধর্বতন সম্পাদক	১টি	অনুর্ধ্ব ৩২ বৎসর	২৯০০০-৬৩৪১০/- (গ্রেড-৭)	১। অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে সাংবাদিকতায় কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সাংবাদিকতা /প্রকাশনা ও জনসংযোগ কাজে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা। ২। বাংলা ইংরেজী ভাষায় পারদর্শীতাসহ ফটোকম্পোজিং এবং কম্পিউটার ব্যবহারে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৩।	সহযোগী ব্যবস্থাপনা উপদেষ্টা	২টি	অনুর্ধ্ব ৩২ বৎসর	২২০০০ - ৫৩০৬০/- (গ্রেড-৯)	বাণিজ্য/ ব্যবসা প্রশাসন/সমাজ বিজ্ঞান / পরিসংখ্যান /কম্পিউটার বিজ্ঞান-এর সংশ্লিষ্ট শাখায় কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রকৌশলে সমমানের ডিগ্রী থাকিতে হইবে।
৪।	গবেষণা কর্মকর্তা	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	২২০০০ - ৫৩০৬০/- (গ্রেড-৯)	বাণিজ্য/ ব্যবসা প্রশাসন/সমাজ বিজ্ঞান / পরিসংখ্যান /কম্পিউটার বিজ্ঞান-এর সংশ্লিষ্ট শাখায় কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ইঞ্জিনিয়ারিং-এ অনুরুপ ডিগ্রী থাকিতে হইবে। শিক্ষা জীবনে কমপক্ষে দুইটি প্রথম শ্রেণী থাকিতে হইবে । সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে ।
৫।	কম্পিউটার অপারেটর	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১)	কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত স্নাতক ডিগ্রীধারী। তবে বিজ্ঞানে স্নাতকধারীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।
৬।	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর	৩টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাস তৎসহ ইংরেজী ও বাংলা সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৮০/৫০ এবং কম্পিউটারের ব্যবহারের ক্ষেত্রে Word Processing/ Data Entry ও টাইপিং এর ক্ষেত্রে ইংরেজীতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ৩০ এবং বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ২৫ থাকিতে হইবে।
৭।	ফটোগ্রাফার	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৯৩০০ - ২২৪৯০/- (গ্রেড-১৬)	এস.এস.সি পাস এবং তৎসহ ছবি তোলার যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষন এবং স্থির ছবি ছাপানো ভিডিও/স্লাইড তৈরী করা এবং ভিতরে ও বাহিরে ছবি তোলার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৮।	অভ্যর্থনাকারী	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৯৩০০ - ২২৪৯০/- (গ্রেড-১৬)	এস.এস.সি পাস সহ পিএবিএক্স বোর্ডের কাজে অভিজ্ঞতা এবং অতিথি অভ্যর্থনায় পারদর্শিতা থাকিতে হইবে।
৯।	লাইব্রেরী এটেনডেন্ট	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৯৩০০ - ২২৪৯০/- (গ্রেড-১৬)	লাইব্রেরী কাজে অভিজ্ঞতাসহ এইচ.এস.সি বা সমমানের পাস তৎসহ লাইব্রেরী সায়েন্স সার্টিফিকেটধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

শর্তাবলী ঃ

আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদি অবশ্যই সংযুক্ত করিতে হইবে।

১। আবেদনকারী/আবেদনকারীনিকে অবশ্যই সাদা কাগজে লিখিত/টাইপকৃত দরখাস্ত দাখিল কারিতে হইবে। আবেদনকৃত পদের নাম খামের উপরে স্পাষ্টাক্ষরে লিখিতে হইবে।

২। দরখাস্তে আবেদনকারী/ আবেদনকারীনির নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, জাতীয় পরিচয়পত্র/ভোটার আইডি নম্বর, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রকাশনা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

৩। আবেদনের সহিত ক্রমিক-১ - ৪ এর জন্য ১০০০/- এবং ক্রমিক-৫ - ৯ এর জন্য ৭০০/- টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট মহাপরিচালক, বিআইএম, ঢাকা এর অনুকূলে প্রদান করিতে হইবে। কোন পোষ্টাল অর্ডার গ্রহনযোগ্য নয় ।

৪। চাকুরীর আবেদন মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, ৪ সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা-১২০৭ এর সমীপে রেজিষ্টার্ড ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাইতে হইবে। আবেদনপত্র গ্রহনের তারিখ ২৫ জুলাই,২০১৭ হইতে ৩১ আগষ্ট, ২০১৭ পর্যন্ত । সর্বশেষ **৩১ আগষ্ট, ২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই আবেদনপত্র মহাপরিচালকের দপ্তরে পৌঁছাইতে হইবে।** নির্দিষ্ট সময়ের পরে প্রাপ্ত আবেদন সমূহ বাতিল বলিয়া গন্য হইবে ।

৫। এসএসসি বা সমমানের পরীক্ষার সনদের ভিত্তিতে প্রার্থীর বয়স নির্ধারিত হইবে। বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনপত্র ৩১/৮/২০১৭ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স পদের বিপরীতে উল্লেখিত বয়স সীমার মধ্যে থাকিতে হইবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।

৬। প্রার্থীকে প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট আকারের ৩ কপি রঙ্গিন ছবিসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত ছায়ালিপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

৭। প্রার্থীর আত্নীয় নহেন এমন প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত ১টি চারিত্রিক সনদপত্র আবেদনপত্রে সহিত সংযুক্ত করিতে হইবে।

৮। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা, পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রেঃ

ক. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে তাহাদের পিতা/মাতার (প্রযোজ্য ক্ষেত্রে) এর উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত, মুক্তিযোদ্ধা সার্টিফিকেট এর সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

খ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হইলে আবেদনকারী যে মুক্তিযুদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। একই সাথে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

৯। প্রার্থীকে স্ব-স্ব এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার এর নিকট হইতে বাংলাদেশের নাগরিকত্বের সনদপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ হতে প্রাপ্ত অভিজ্ঞতার সনদ আবেদনের সহিত দাখিল করিতে হইবে।

১০। উল্লেখিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকারী নীতিমালা অনুযায়ী মেধা, জেলা, মুক্তিযোদ্ধা, মহিলা, উপজাতী, প্রতিবন্ধী ইত্যাদি কোটা যথাযথভাবে সংরক্ষণ করা হইবে।

১১। উপজাতীয় প্রার্থীদের স্ব-স্ব এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/স্থানীয় পরিষদের চেয়ারম্যান এর নিকট হইতে উপজাতীয় হিসাবে সনদপত্র আবেদনের সহিত দাখিল করিতে হইবে।

১২। কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। কোন অবস্থাতেই বয়স শিথিলযোগ্য নহে।

১৩। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

১৪। এ নিয়োগ বিজ্ঞপ্তিটি বিআইএম-এর অফিসিয়াল ওয়েব সাইট www.bim.org.bd -তে দেখা যাইবে।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

মহাপরিচালক

চাকুরীর আবেদনপত্র

‘ছক’

ছবি
(সদ্য তোলা রঙ্গিন ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি)

বরাবর
মহাপরিচালক
বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট
৪ সোবহানবাগ, মিরপুর রোড
ঢাকা-১২০৭।

বিষয় ঃ .... পদে নিয়োগের জন্য আবেদন।

১। নাম ঃ ....
২। পিতা/স্বামীর (বিবাহিত মহিলাদের ক্ষেত্রে) নাম ঃ ....
৩। মাতার নাম ঃ ....
৪। জাতীয় পরিচয়পত্র/ভোটার আইডি নম্বর ঃ ....
৫। বর্তমান যোগাযোগের ঠিকানা ঃ ....
৬। স্থায়ী ঠিকানা ঃ ....
৭। নিজ জেলা ঃ ....
৮। জন্ম তারিখ ঃ ....
৯। ৩১/৮/২০১৭খ্রিঃ তারিখে বয়স ঃ ....বছর ....মাস ....দিন
১০। জাতীয়তা ঃ ....
১১। ধর্ম ঃ ....
১২। বৈবাহিক অবস্থা ঃ ....
১৩। শিক্ষাগত যোগ্যতার বিবরণ ঃ ....

পরীক্ষার নাম	সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	বিভাগ/গ্রেড/শ্রেণী
(ক)			
(খ)			
(গ)			
(ঘ)			
(ঙ)			

১৪। অভিজ্ঞতার বর্ণনা ঃ

পদ	প্রতিষ্ঠানে নাম	মেয়াদ (বছর/মাস)
(ক)		
(খ)		
(গ)		

১৫। পে-অর্ডার নং... তারিখ ....
ব্যাংক .... জমাকৃত অর্থের পরিমাণ ....

....
প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

সংযুক্তি সমূহের বর্ণনা ঃ
১। ....
২। ....
৩। ....
৪। ....
৫। ....